গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লোহাগড়া, নড়াইল

| | | |
|---|---|---|
| বিষয় | : | লোহাগড়া উপজেলায় ৪র্থ ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, লোহাগড়া, নড়াইল |
| তারিখ | : | ০১ ডিসেম্বর ২০২০ |
| সময় | : | সকাল ১০:৩০ টা |
| সভাপতি | : | জনাব রোসলিনা পারভীন, উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি ৪র্থ ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ উদযাপন উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রেরিত নির্দেশনাসমূহ সভায় পাঠ করে শোনান এবং জানান যে, সরকারের ডিজিটাল বাংলাদেশ গঠন সম্পর্কিত কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ ও সচেতনতা সৃষ্টির জন্য "যদিও মানছি দূরত্ব, তবুও আছি সংযুক্ত" প্রতিপাদ্য সামনে রেখে করোনাকালে সামাজিক দূরত্ব বজায় রেখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অর্থায়নে উপজেলা পর্যায়ে ৪র্থ ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ উদ্‌যাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

(০১) উদ্‌যাপন কমিটি গঠন:- প্রাপ্ত নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আহ্বায়ক ও সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর কে সদস্য সচিব করে ০৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটির অন্যান্য সদস্যবৃন্দ হলেন সহকারী কমিশনার(ভূমি), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার।

(০২) প্রচার-প্রচারণা:- ৪র্থ ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ এর অগ্রিম প্রচারের জন্য উপজেলা পরিষদ চত্বরে ০২ ব্যানার স্থাপন এবং প্রতি ইউনিয়ন পরিষদে একটি করে ব্যানার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও কেন্দ্রিয়ভাবে আয়োজিত অনলাইন কুইজ প্রতিযোগিতায় স্থানীয় ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় প্রচারণা চালানো হবে। এক্ষেত্রে সভায় উপস্থিত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়াও উপজেলা ওয়েব পোর্টাল ও ফেসবুক এ প্রচারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(০৩) উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা আয়োজন:- প্রাপ্ত নির্দেশনা মোতাবেক আগামী ০৭ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ১১:০০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে ডিজিটাল বাংলাদেশ সম্পর্কিত বিষয়সমূহের উপর ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৪) চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন:- প্রাপ্ত নির্দেশনা মোতাবেক আগামী ০৭ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ১১:০০ টায় উপজেলা পরিষদ সভাকক্ষে "আমার তুলিতে ডিজিটাল বাংলাদেশ" বিষয়ের উপর উপর ১ম হতে ৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে উপস্থিত চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিযোগিতার মূল্যায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এর সমন্বয়ে ০৩ সদস্য বিশিষ্ট বিচারিক প্যানেল গঠন করা হয়।

(০৫) মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার:- জাতীয় পর্যায়ের দিবসের মূল অনুষ্ঠানটি সকাল ১০:০০ টায় মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে উপজেলা পরিষদ মিলনায়তন হতে এবং ইউনিয়ন পরিষদসমূহ হতে সরাসরি সম্প্রচার করা হবে।

(০৬) সেমিনার আয়োজন:- প্রাপ্ত নির্দেশনা মোতাবেক আগামী ১২ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ১১:০০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে "যদিও মানছি দূরত্ব, তবুও আছি সংযুক্ত" বিষয়ের উপর সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গ্রহীত হয়। প্রতিযোগিতার মূল্যায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এর সমন্বয়ে ০৩ সদস্য বিশিষ্ট বিচারিক প্যানেল গঠন করা হয়।

(০৭) পুরস্কার বিতরণী অনুষ্ঠান:- আয়োজিত সেমিনার শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করা হবে।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/১২/২০২০

(রোসলিনা পারভীন)
আহ্বায়ক
৪র্থ ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ উদ্‌যাপন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
লোহাগড়া, নড়াইল।

স্মারক নং: ৫৬.০৪.৬৫৫২.০০০.২৩.০০২.২০.৪৮ তারিখ: ০১ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা প্রশাসক, নড়াইল।
০৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।
০৫. অধ্যক্ষ, লোহাগড়া সরকারি আদর্শ মহাবিদ্যালয়, লোহাগড়া, নড়াইল।
০৬. ভাইস/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।
০৭. সহকারী কমিশনার (ভূমি), লোহাগড়া, নড়াইল।
০৮. উপজেলা ...................................... অফিসার, লোহাগড়া, নড়াইল।
০৯. অফিসার ইনচার্জ, লোহাগড়া থানা, লোহাগড়া, নড়াইল ( তাকেঁ প্রণীত কর্মসূচিতে আইন শৃঙ্খলাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
১০. এজিএমকম (পল্লী বিদ্যুৎ), লক্ষীপাশা, লোহাগড়া, নড়াইল (তাকেঁ প্রণীত কর্মসূচিতে নিরবাচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
১১. চেয়ারম্যান, ................................ ইউনিয়ন পরিষদ, লোহাগড়া, নড়াইল।
১২. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ............................................................................ লোহাগড়া, নড়াইল।
১৩. উদ্যোক্তা, ................................ ইউনিয়ন ডিজিটাল সেন্টার, লোহাগড়া, নড়াইল।
১৪. জনাব ...........................................................................................

Faisal 01.12.2020

(শেখ মোহাম্মদ ফয়সল)
সহকারী প্রোগ্রামার
সদস্য সচিব
৪র্থ ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ উদ্‌যাপন কমিটি
ও
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
লোহাগড়া, নড়াইল।